

টাঙ্গাইলে শিক্ষক দিবস উপলক্ষে আলোচনী সভা ও কৃতী শিক্ষকদের সংবর্ধনা

« টাঙ্গাইল সংবাদদাতা »

জাতীয় শিক্ষক দিবস উদযাপন উপলক্ষে গত ৩১ জানুয়ারী জেলা প্রশাসন জেলা শিক্ষা বিভাগ টাঙ্গাইল জেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা ও কৃতী শিক্ষকদের সংবর্ধনার আয়োজন করে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) মোহাম্মদ আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা পর্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সাইফুদ্দিন আহমদ মজুমদার। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আবদুল সামাদ। মূল্যবোধ সৃষ্টির জন্য শিক্ষক শীর্ষক মূল প্রবন্ধ পাঠ করেন বিশিষ্ট

কবি, সাংবাদিক ও কলেজ শিক্ষক নাহনুদ কামাল। আলোচনায় অংশ নেন প্রবীণ শিক্ষাবিদ আলহাজ্ব শামসুজ্জামান খান, সরকারী এমএম আলী কলেজের সাবেক অধ্যক্ষ শামসুল হুদা, টাঙ্গাইল সদর উপজেলার নির্বাহী অফিসার বেয়ামিন হেবত্রম, সন্তোষ ইবি টেকনিক্যাল কলেজের অধ্যক্ষ আফসার উদ্দিন মিয়া, শিবনায় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আলীউদ্দিন ও বিবেকানন্দ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মজিদ খান। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন ডক্টর ইউসুফ।

আলোচনা পর্ব শেষে জেলার মোট ১৩

জন অবসরপ্রাপ্ত কৃতী শিক্ষকদের সংবর্ধনা জানানো হয়। তাঁদেরকে তাঁদের নামাঙ্কিত ক্রেট ও পুরস্কার দেয়া হয়েছে। সংবর্ধিত শিক্ষকরা হচ্ছেন সরকারী সাদত কলেজের সাবেক অধ্যক্ষ ডঃ নূরুল আযিন খান (কবি সাহাবুদ সাদিক), সরকারী এমএম আল কলেজের সাবেক অধ্যক্ষ শামসুল হুদা, ঘাটাইল গণ পাইলট উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক আলহাজ্ব শামসুজ্জামান খান, মধুপুরের মুসুন্নি আকারে উদ্দিন উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক কাজী আজিজুল রহমান, গোপালপুর সৃষ্টি ডিএম পাইলট উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মোহাম্মদ জালাল উদ্দিন, মির্জাপুরের বরাটিনরদানা বাংলাদেশ উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মোহাম্মদ আবদুল হালিম, কসাইলের আইনড়া উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মোহাম্মদ জামান উদ্দিন, জেলাশিশু টিঙ্গি উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মদন মোহন গোস্বামী, টাঙ্গাইল দারুল উলুম আলিয়া মাদ্রাসার সাবেক উপাধ্যক্ষ মওপানা মোহাম্মদ আবদুল হাই, কুপোপুর পাইলট উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মোজাম্মেল হোসেন, সখীপুরের কালিয়াপাড়া ডাকাতিয়া মাজেদা-মজিদ উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক আশরাফ উদ্দিন আহমেন ও নাগরপুর যদুনাথ পাইলট উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক গোপেন্দ্র মোহন সাহা।



টাঙ্গাইল : জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে অয়োজিত অনুষ্ঠানে সংবর্ধিত শিক্ষক আলহাজ্ব শামসুজ্জামান খানের হাতে ক্রেট তুলে দিচ্ছেন অনুষ্ঠানের সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) মোহাম্মদ আবদুল মান্নান। ইত্তেফাক